



টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ (টিপিএসসি) জয়পুরপাড়া, বগুড়া।


স্মারক নং- টিএমএসএস/টিপিএসসি/বগুড়া/২০২১-২৪৩৫

তারিখ: ০৭/০৭/২০২১ খ্রি.

অফিস আদেশ

এম-ক্যাশ মার্চেন্ট এ্যাকাউন্টের মাধ্যমে পেমেন্ট পদ্ধতি প্রসঙ্গে

- উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজের কর্মকর্তা, শিক্ষক, ছাত্র-ছাত্রী ও অভিভাবকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, বগুড়া-এর শিক্ষার্থীদের সেশন ফি, টিউশন ফি ও অন্যান্য ফি'র অর্থ প্রদান সহজ করার জন্য এবং অভিভাবকগণ যেন ঘরে বসেই প্রতিষ্ঠানের এ্যাকাউন্টে টাকা জমা করতে পারে সেই লক্ষ্যে টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ-এর নামে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, বগুড়া শাখায় একটি মার্চেন্ট এম-ক্যাশ এ্যাকাউন্ট চালু করা হয়েছে। মার্চেন্ট এম-ক্যাশ এ্যাকাউন্ট নম্বর: ০১৭৭৯-১৫৮১০১২। অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও অভিভাবকগণ তাদের নিজ নিজ মোবাইল হতে অথবা এম-ক্যাশ এজেন্টের মাধ্যমে শিক্ষার্থীদের সেশন ফি, টিউশন ফি ও অন্যান্য ফি'র অর্থ এম-ক্যাশ এ্যাকাউন্টের মাধ্যমে পরিশোধ করতে পারবেন। উল্লেখ্য, শিক্ষার্থী কর্তৃক জমাকৃত অর্থের উপর কোনোরূপ সার্ভিস চার্জ কর্তন হবে না। ফি সমূহ পরিশোধের জন্য এম-ক্যাশ এর পেমেন্ট অপশনের পেমেন্ট ফি'তে গিয়ে উল্লিখিত মার্চেন্ট এম-ক্যাশ নম্বর দিয়ে টাকার পরিমাণ লিখতে হবে এবং রেফারেন্স অপশনে অবশ্যই শিক্ষার্থীর নাম, শ্রেণি, শাখা ও রোল নম্বর উল্লেখ করতে হবে। প্রয়োজনে যোগাযোগ: মো. রাশেদুর রহমান (হিসাব কর্মকর্তা), মোবাইল নম্বর: ০১৭২২১৫২০১২।
- শ্রেণিশিক্ষকগণকে উক্ত বিষয়টি ছাত্র-ছাত্রীদের অবহিতকরণের জন্য বলা হলো।
- বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য জানানো হলো।


অধ্যক্ষ

টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ

বিতরণ:

নির্বাহী পরিচালক, চেয়ারম্যান, অধ্যক্ষ, উপাধ্যক্ষ, MD (TCV), সহকারী অধ্যাপক, সংশ্লিষ্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট শিক্ষক/শ্রেণিশিক্ষক, নোটিশ বোর্ড।